## २०२०

# বাংলা — সাধারণ

চতুর্থ পত্র

পূৰ্ণমান - ১০০

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক। উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

**SET - 1** 

বিভাগ - ক

**১।** (ক) *যে-কোনো দশটি* শব্দের বাংলা পরিভাষা লেখো।

2×50

Analogy, Aesthetics, Ballad, Catharsis, Dialect, Elegy, Fantasy, Hamartia, Irony, Mythology, Naturalism, Poetic Diction, Symbolic, Trilogy, Variant.

#### অথবা,

(খ) নিম্নলিখিত অনুচেছদটি বাংলায় অনুবাদ করো।

২০

In a dense forest there was a beautiful lake which was adorned with colourful lotus flowers. In this lake there lived a swan. One day an owl came there. The owl liked the ambience around the lake and started living there. The swan also liked the company of the owl and soon they became good friends.

বিভাগ - খ

২। (ক) উদাহরণসহ সংজ্ঞা লেখো (*যে-কোনো দুটি*)।

٥٠×২

- (অ) অন্ত্যস্বরাগম
- (আ) মধ্যস্বরাগম
- (ই) বিপর্যাস
- (ঈ) লোকনিরুক্তি
- (উ) অপভাষা।

#### অথবা:

(খ) নিম্নলিখিত অংশটি আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালার (IPA) চিহ্ন ব্যবহার করে লিপ্যন্তর করো।

২০

কী ভীষণ দৃশ্য! মন্দিরের গা হইতে ইট খসিয়া পড়িয়াছে, চূড়ায় গজাইয়াছে বট ও অশ্বত্থের চারা আর নানা জাতীয় জংলা গাছ। এক দুর্ভেদ্য অন্ধকারের সৃষ্টি করিয়াছে।

Please Turn Over

### অথবা;

## (কেবলমাত্র দৃষ্টিহীন পরীক্ষার্থীদের জন্য)

দৃষ্টি-প্রতিবন্ধকতার সহায়ক কিছু প্রয়োজনীয় গ্রন্থের (Braille-book) জন্য আবেদন জানিয়ে কলেজের অধ্যক্ষের কাছে একটি পত্র লেখো।

## বিভাগ - গ

# **৩।** *যে-কোনো দুটি* **প্রশ্নে**র উত্তর দাও।

২o×২

(ক) একজন পরিবেশবাদীর সঙ্গে তোমার সাক্ষাৎ হয়েছে। তোমাদের সাক্ষাৎকার-সংলাপ কল্পনা করে লেখো।

২০

২০

### অথবা:

(খ) সংবাদ আকারে পরিবেশন করো—

দূষণ-ধোঁয়ায় ঢেকে গেছে শহর কলকাতা। কুয়াশার মতো সেই ঘন ধোঁয়াকে ভেদ করে সূর্যের রশ্মিও প্রবেশ করতে পারছে না। শ্বাসকষ্টসহ বিভিন্ন অসুখ দেখা দিচ্ছে। পরিবেশবাদীরা জরুরি ভিত্তিতে সতর্কতা জারি করেছেন। খুব প্রয়োজন না পড়লে, সূর্যোদয়ের আগে এবং সূর্যান্তের পরে ঘরের বাইরে যেতে নিষেধ করছেন ডাক্তাররা।

#### অথবা,

- (গ) ভারতীয় ক্রিকেট কন্ট্রোলবোর্ড-এর প্রশাসনের প্রধানরূপে সৌরভ গাঙ্গুলি নির্বাচিত হয়েছেন, তা নিয়ে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি প্রতিবেদন রচনা করো।
- ্ঘ) শিশু-কিশোরদের জন্য 'সম্প্রীতি' বিষয়ক সারা বাংলা অঙ্কন প্রতিযোগিতার একটি বিজ্ঞাপনের খসড়া রচনা করো। ২০ অথবা:
- (ঙ) প্লাস্টিকের বহু ব্যবহার রোধ করতে পৌরসভা/পঞ্চায়েতকে এ-বিষয়ে উদ্যোগ গ্রহণের আবেদন করে একটি পত্র রচনা করো। ২০

### অথবা.

- (চ) কন্যাশ্রী প্রকল্পের সুযোগ গ্রহণ করতে চেয়ে অধ্যক্ষ মহাশয়ের কাছে আর্জি জানিয়ে একটি আবেদনপত্র রচনা করো। ২০
- (ছ) নিম্নলিখিত বিষয়গুলি থেকে *যে-কোনো একটি* বিষয়ে প্রবন্ধ রচনা করো (অনধিক ৩০০ শব্দে)।
  - (অ) বাংলা শিশু-কিশোর সাহিত্য
  - (আ) ভারতের চন্দ্রাভিযান
  - (ই) ইতিহাসচর্চার প্রাসঙ্গিকতা
  - (ঈ) খেলাধুলার জগতে ভারতীয় মেয়েরা।

## বিভাগ - ঘ

## প্রত্ফ সংশোধন করো

৮। মূল কপিটি দেখে প্রুফ-কপিটি সংশোধন করো। মূলকপি ও সংশোধিত প্রুফ-কপি উত্তরপত্রে অবশ্যই যুক্ত করে দিতে হবে। রোল এবং নম্বর লেখা আবশ্যক।

# মূলকপি—

আমার কথা কি শুনতে পাও না তুমি?
কেন মুখ গুঁজে আছ তবে মিছে ছলে?
কোথায় লুকাবে? ধূ ধূ করে মরুভূমি;
ক্ষ'য়ে ক্ষ'য়ে ছায়া ম'রে গেছে পদতলে।
আজ দিগন্তে মরীচিকাও যে নেই;
নির্বাক, নীল, নির্মম মহাকাল।

## প্রুফকপি—

আবার কথাটি শুনতে পাওনা তুমি
কেনো মৃখ গুজে আঁচ তবে মিশছে জলে?
কোথায় লু কোবে? ধৃধৃ করে মরু ভূমি।
খয়ে খয়ে ছায়া মরে গেছে পদতলে আজ
দিগন্তে মরিচীকা ও যে নেই
নিবাক নিল নিরমম মহা কাল।

### অথবা:

# (কেবলমাত্র দৃষ্টিহীন পরীক্ষার্থীদের জন্য)

নিম্নলিখিত বানানগুলি সংশোধন করো। সন্মান, ব্যার্থ, মধুসুধন, স্বার্থক, প্রতিযোগীতা, কৃষান, স্বরসতী, স্বর্গ-মর্ত, বাল্মিকী, পিপিলিকা।

২০